

বিজ্ঞপ্তি নং- বিজিএ/হেলথ/২০২২/১৪৫

তারিখ : ১৮ জুলাই, ২০২২

“সকল সম্মানিত সদস্যের জন্য”

বিষয়ঃ হিট ষ্টোক প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।


আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি দেশে গরমের তীব্রতা এবং সার্বিকভাবে আদ্রতাও বেশ বৃদ্ধি পেয়েছে। অতি মাত্রায় উষ্ণতার কারণে হিট ষ্টোক হওয়ার সম্ভবনা রয়েছে। তৈরী পোশাক শিল্পে লক্ষ লক্ষ শ্রমিক/কর্মচারী নিরলস পরিশ্রম করে যাচ্ছে। শ্রমিক/কর্মচারীরা অসুস্থ হলে উৎপাদন বহুলাংশে ব্যাহত হবে।

স্বাস্থ্য সুরক্ষার কথা বিবেচনা করে নিম্নে উল্লেখিত নির্দেশনা/পরামর্শ মেনে চলার জন্য সকলকে বিনীতভাবে অনুরোধ জানাচ্ছি :

১. শরীরে পানির মাত্রা ঠিক রাখতে পর্যাপ্ত পরিমাণে পানি পান করুন।
২. হালকা এবং ঢিলে ঢালা পোশাক পরিধান করুন।
৩. সূর্যের তাপ প্রখর থাকার অবস্থায় যতটা সম্ভব সরাসরি রৌদ্রে কম থাকুন।
৪. ঘরের বাইরে গেলে ক্যাপ/স্কার্ফ এবং ছাতা ব্যবহার করুন।
৫. শরীরে পানি শূন্যতা থেকে রক্ষা পেতে স্যালাইন, ডাবের পানি, ফলের জুস পান করুন।
৬. অতিরিক্ত শারীরিক পরিশ্রম করা থেকে বিরত থাকুন।
৭. অসুস্থ হলে অতিসত্ত্বর রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ নিন।

উপরে বর্ণিত নির্দেশনাসমূহ আপনি ও আপনার পরিবার পরিজন, শ্রমিক/কর্মচারী ও তাদের পরিবার পরিজনকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান
সভাপতি